

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১২৪৬ ৩৩/ ইমারাত বা নেতৃত্ব (کتاب الإمارة) পরিচ্ছেদঃ ৩৩/৪৯. সাগরে যুদ্ধের ফযীলত।

فضل الغزو في البحر

আরবী

حديث أنس بْنِ مَالِك رضي الله عنه، قَالَ: كَانَ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَدْخُلُ عَلَيْهَا رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّم، وَكَانَتُ أُمُّ حَرَامٍ تَحْتَ عُبَادَةَ بْنِ الصَّامِت، فَدَخَلَ عَلَيْهَا رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّم، فَأَطْعَمَتْهُ، وَجَعَلَتْ تَغْلِي رَأْسَهُ، فَنَامَ رَسُولُ اللهِ عَلَيْهِ وَسَلَّم، ثُمَّ اسْتَيْقَظَ وَهُوَ يَضِحْكُ قَالَتْ: فَقُلْتُ وَمَا يُضِحِكُكَ يَا رَسُولَ اللهِ قَالَ: نَاسٌ مِنْ أُمَّتِي عُرِضُوا عَلَيَّ غُزَاةً فِي سَبِيلِ اللهِ يَرْكَبُونَ ثَبَجَ هذَا الْبَحْرِ، مُلُوكًا عَلَى الأَسِرَّةِ قَالَتْ فَقُلْتُ يَا رَسُولَ اللهِ ادْعُ اللهَ أَنْ يَجْعَلَنِي عَلَى اللّهُ عَلَيْهِ وَسَلَّم ثُمَّ وَضَعَ رَأْسَهُ، ثُمَّ اسْتَيْقَظَ وَهُو مِثْلُ الْمُلُوكِ عَلَى اللّهُ عَلَيْهِ وَسَلَّم ثُمَّ وَضَعَ رَأْسَهُ، ثُمَّ اسْتَيْقَظَ وَهُو مِثْلُ اللهِ الْهُ مَلَى اللّهُ عَلَيْهِ وَسَلَّم ثُمَّ وَضَعَ رَأْسَهُ، ثُمَّ اسْتَيْقَظَ وَهُو مِثْلُ اللهِ اللهِ مَلَى اللّهُ عَلَيْهِ وَسَلَّم ثُمَّ وَضَعَ رَأْسَهُ، ثُمَّ اسْتَيْقَظَ وَهُو مِثْلُ اللهِ مَلَى اللهِ عَلَى اللهِ قَالَ: نَاسٌ مِنْ أُمَّتِي عُرِضُوا عَلَيَّ غَوَاهً فِي مَنْ اللّهُ مَنْ اللّهُ عَلَيْهِ وَسَلَّم ثُمَّ وَضَعَ رَأْسَهُ، ثُمَّ السَّيْقَظَ وَهُو يَصَعْم رَأُسُهُ اللهِ الْهُ أَنْ يُجْعَلَنِي مِنْهُمْ وَلَا اللهِ اللهِ الْهُ أَنْ يُجْعَلَنِي مِنْهُمْ وَلَا اللهِ الْهُ أَنْ يُجْعَلَنِي مِنْ الْأَوْلِ قَالَتْ فَقُلْتُ يَا رَسُولَ اللهِ الْهُ أَنْ يُجْعَلَنِي مِنْ الْبُورِ قَالَتَ فَقُلْتُ مَن الْبُحْرِ، فَهُ لَكَتْ عَنْ دَابَّتِهَا ، وَمُن الْلَه مَن الْبُحْرِ، فَهَاكَتْ مَن الْبُحْرِ، فَهَا لَكُول عَلَى اللهُ عَلَى الله عَلَى الله عَمْ الله عَلْ الله عَنْ مَا الله عَنْ مَن الْبُحْرِ، فَهَا لَكَ مَن الْبُور عَنْ الْبُعُونَ مَن الْبُعُور فَهُ لَكُتْ مَن الْبُحْرِ، فَهَا لَكُو مَن الْبُولُ عَلَى اللهُ الْمُعُولِ عَلْ اللّهُ أَنْ يُعْمَلُونَ الْمُعُولُ اللهَ عَلَى اللّهُ أَنْ مُنْ الْمُولُ اللهُ عَنْ مَا اللهُ أَنْ الْمُولُ اللهُ أَنْ الْمُولُ اللهُ الْمُ أَنْ اللّهُ أَنْ اللهُ الْمُ الْمُولُ اللّهُ أَنْ اللّهُ أَلْ اللهُ الْمُ الْمُولُ اللهُ الْمُ الْمُولُ اللهُ الْمُ الْمُ

বাংলা

১২৪৬. আনাস ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত। আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উন্মু হারাম বিনতু মিলহান (রাঃ)-এর নিকট যাতায়াত করতেন এবং তিনি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে খেতে দিতেন। উন্মু হারাম ছিলেন উবাদাহ ইবনু সামিত (রাঃ)-এর স্ত্রী। একদা আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর ঘরে গেলে তিনি তাঁকে আহার করান এবং তাঁর মাথার উকুন বাছতে থাকেন। এক সময় আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঘুমিয়ে পড়েন। তিনি হাসতে হাসতে ঘুম থেকে জাগলেন। উন্মু হারাম বলেন, আমি তাকে জিজ্ঞেস করলাম, হে আল্লাহর রাসূল! হাসির কারণ কী? তিনি বললেন, 'আমার উন্মাতের কিছু ব্যক্তিকে আল্লাহর পথে জিহাদরত অবস্থায় আমার সামনে পেশ করা হয়। তারা এ সমুদ্রের মাঝে এমনভাবে



আরোহী যেমন বাদশাহ তখতের উপর, অথবা বলেছেন, বাদশাহর মত তখতে উপবিষ্ট। এ শব্দ বর্ণনায় ইসহাক (রহ.) সন্দেহ করেছেন। উম্মু হারাম (রাঃ) বলেন, 'আমি বললাম, হে আল্লাহর রাসূল! আল্লাহর নিকট দুআ করুন যেন আমাকে তিনি তাদের অন্তর্ভুক্ত করেন। আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর জন্য দুআ করলেন।

অতঃপর আল্লাহর রাসূল (সঃ) আবার ঘুমিয়ে পড়েন। অতঃপর হাসতে হাসতে জেগে উঠলেন। আমি তাঁকে জিজেস করলাম, হে আল্লাহর রাসূল! আপনার হাসার কারণ কী? তিনি বললেন, 'আমার উম্মতের মধ্য থেকে আল্লাহর পথে জিহাদরত কিছু ব্যক্তিকে আমার সামনে পেশ করা হয়। পরবর্তী অংশ প্রথম উক্তির মত। উম্মু হারাম (রাঃ) বলেন, আমি বললাম, হে আল্লাহর রাসূল! আপনি আল্লাহর নিকট দুআ করুন, যেন আমাকে তিনি তাঁদের অন্তর্ভুক্ত করেন। তিনি বললেন, তুমি তো প্রথম দলের মধ্যেই আছ। অতঃপর মুআবিয়াহ ইবনু আবূ সুফইয়ান (রাঃ)-এর সময় উম্মু হারাম (রাঃ) জিহাদের উদ্দেশে সামুদ্রিক সফরে যান এবং সমুদ্র থেকে যখন বের হন তখন তিনি তাঁর সওয়ারী থেকে ছিটকে পড়েন। এতে তিনি শাহাদাত লাভ করেন।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৫৬ : জিহাদ ও যুদ্ধাভিযান, অধ্যায় ৩, হাঃ ২৭৮৮-২৭৮৯; মুসলিম, পর্ব ৩৩: ইমারাত বা নেতৃত্ব, অধ্যায় ৪৯, হাঃ ১৯১২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন